



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর-মশিবো/ময়মন/কলেজ/২০২৫/ ৩২৫৪

তারিখ- ২৬.০১.২০২৫ খ্রি:

বিষয়: ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন “ইসলামিয়া গার্লস স্কুল এন্ড কলেজ” এর উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে

স্মৃত: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ-এর ১৯.১২.২০২৪ খ্রি: তারিখের ১০ম মণ্ডারী কমিটির সভার সুপারিশ

উপর্যুক্ত বিষয় ও সুন্দরে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন “ইসলামিয়া গার্লস স্কুল এন্ড কলেজ” এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে একাদশ প্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এই অনুমতি কোনক্রমেই স্থিরভাবে বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ		আবশ্যিক বিষয়	শাখা ভিত্তিক বিষয়		
১। বিজ্ঞান	১। বাংলা	বিজ্ঞান শাখা	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা	
২। মানবিক	২। ইংরেজি	১। পদার্থ বিজ্ঞান	১। শৌরনীতি ও সুশাসন	১। ইসাব বিজ্ঞান ২। ব্যবসায় সংগঠন ও	
৩। ব্যবসায় শিক্ষা	৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২। রসায়ন	২। সমাজকর্ম	ব্যবস্থাপনা ৩। ফিনান্স ব্যাংকিং ও বীমা	
		৩। উচ্চতর পশ্চিম	৩। ভূগোল	৪। কৃষি শিক্ষা	
		৪। জীব বিজ্ঞান			

শর্তসমূহ:

- ১। এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিনি) বছর পর্যন্ত কার্যকর থাকবে।
- ২। কলেজের সংরক্ষিত ভবিষ্যতে অমানুকৃত টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৩। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাত্তাদি কলেজের (এমপিও না দেওয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওকৃত করা যাবে না।
- ৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসাবে বিবেচিত হবে না।
- ৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৯। কোন শর্ত প্রতিপাদনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- ১০। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০)-শিক্ষা,তারিখ ১০ জুন ১৯৮৪) পরিদর্শন ও ইসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ইসাবরক্ষণ পক্ষতি নির্মেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে ইসাব সংরক্ষণ করতে হবে।
- ১১। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের ইসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১২। অতিসত্ত্ব কোড সংগ্রহের জন্য আবেদন করতে হবে।
- ১৩। উচ্চমাধ্যমিক প্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কার্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা-মানবিক: ৫০ জন, বিজ্ঞান: ৩০ জন, ব্যবসায় শিক্ষা: ২০ জন এবং শিফট: দিবা, ভার্সন: বাংলা, সহশিক্ষা।
- ১৪। কলেজের পরবর্তী অস্থায়ী স্থিরভাবে সময়সীমা বৃক্ষ প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
 - (ক) উপরোক্ত শর্তসমূহ পূরণ সংক্রান্ত রিপোর্ট
 - (খ) কলেজের কার্য পক্ষতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
 - (গ) অস্থায়ী স্থিরভাবে সময়সীমা বৃক্ষের ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।
- ১৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্থিরভাবে প্রদান নীতিমালা -২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথ পূরণ করতে হবে। এবং
- ১৬। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিগত প্রত্যাহার করা হবে।

সভাপতি/অধ্যক্ষ
ইসলামিয়া গার্লস স্কুল এন্ড কলেজ
সৈরগঞ্জ, ময়মনসিংহ


চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে
স্বাঃ
(প্রফেসর প্রানেশ রঞ্জন রায়)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ


স্মারক নথর-শিল্পো/ময়মন/কলেজ/২০২৫/ ৩২৫৮(৮)

তারিখ- ২৬.০১.২০২৫ খ্রি:

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৬। আইটি শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৭। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।


26.01.2025
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ


26.01.25